

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৭৪

আগরতলা, ১৪ জানুয়ারি, ২০২৪

**মকর সংক্রান্তি উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু মকর সংক্রান্তি উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, মকর সংক্রান্তি সারা দেশে হিন্দুদের একটি জনপ্রিয় উৎসব। এই উৎসবকে উত্তরায়ণও বলা হয়। এই সময়ে সূর্যের ধনু রাশি থেকে মকর রাশিতে স্থানান্তরণ হয়। এই উৎসব সূর্য দেবতাকে উৎসর্গ করা হয় এবং নতুন দিনের সূচনা রূপে পালন করা হয়। তাছাড়া শীত ঋতুর বিদায় এবং ফসলের উৎসব হিসেবেও পালন করা হয়।

দেশের বিভিন্ন রাজ্যে মকর সংক্রান্তি বিভিন্ন নামে পালন করা হয়। যেমন পৌষ সংক্রান্তি, মকর সংক্রান্তি, মাঘ বিহু, পেড়তা পাতুগা, পোঙ্গল, মকর ভিলাকু, ঘুগহুটি, মাঘি সংগ্রান্তি, দহিচূড়া ইত্যাদি ও ভারতে বিভিন্ন ভাবে তা পালন করা হয়। এই উৎসব ত্রিপুরাবাসীর জন্য আনন্দ, ভালবাসা, শান্তি, সমৃদ্ধি, সুস্থান্ত্রি, আত্মবোধ, বন্ধুত্বের বার্তা বয়ে আনুক।'

\*\*\*\*\*